# ফেডারেল নির্বাচনের গাইড



C'est notre vote

ভোট প্রদানের সরকারী তথ্য এবং স্বাস্থ্য এবং সুরক্ষা ব্যবস্থার সম্বন্ধে জানার জন্য elections.ca–তে যান

**1-800-463-6868 / elections.ca / TTY 1-800-361-8935**

Elections Canada

EC 90332-BEN (02/2020)

# আপনার স্বাস্থ্য এবং সুরক্ষা আমাদের অগ্রাধিকার


## আপনার নির্বাচন কেন্দ্রে নির্বাচন কর্মীগণ মাস্ক পরে থাকবেন । এছাড়াও থাকবে:



হাতের স্যানিটাইজার স্টেশনসমূহ




শারীরিক দূরত্ব বজায়ের পরিষ্কার চিহ্নিতকরণ




প্রতি ডেস্ক-এ প্লেক্সিগ্লাস বাধার পিছনে শুধুমাত্র একজন নির্বাচন কর্মী


### আপনি যখন ভোট দিতে যান, ভুলবেন না:



একটি মাস্ক পরিধান করুন



আপনার ব্যালটে চিহ্নিত করার জন্য আমরা আপনাকে একটি একবার-ব্যবহারের পেন্সিল সরবরাহ করব, অথবা আপনি নিজের কলম বা পেন্সিল আনতে পারেন





ভোটার এবং নির্বাচন কর্মীদের থেকে কমপক্ষে দুই মিটার দূরে অবস্থান করে শারীরিক দূরত্ব অনুশীলন করুন

**আপনার যদি COVID-19-এর পরীক্ষা পজেটিভ হয়ে থাকে বা লক্ষণসমূহ থাকে অথবা ভাইরাস আছে এমন কারও সাথে যোগাযোগ হয়ে থাকে, তবে ডাকযোগে ভোট দেওয়ার জন্য আবেদন করতে elections.ca-তে যান।**

---

**elections.ca**-তে এই ব্রোশিওর (ক্ষুদ্র পুস্তিকা)-টি একাধিক ভাষায় উপলব্ধ।
অন্যান্য ফর্ম্যাট (বিন্যাস), যেমন ব্রেইল, বড় মুদ্রণ এবং DAISY-এর জন্য আমাদেরকে
**1-800-463-6868** বা **1-800-361-8935 (টিটিওয়াই)**-এ কল করুন।

# নিশ্চিত হয়ে নিন যে ভোটার তথ্য কার্ড পেতে আপনি নিবন্ধভুক্ত হয়েছেন




**আপনি যদি নিবন্ধভুক্ত হয়ে থাকেন,** নির্বাচনের আহ্বানের পরে ডাকযোগে একটি ভোটার তথ্য কার্ড আপনার পাওয়া উচিত। এটি আপনাকে বলে দেবে আপনি কোথায় এবং কখন ভোট দিতে পারবেন। ভোটদান প্রক্রিয়াটিকে আরও সহজ করার জন্য স্বীকৃত আইডি (ID) সহ কার্ডটি সাতে আনবেন।

**আপনি যদি কার্ড না পেয়ে থাকেন, বা সেটির তথ্য যদি ভুল হয়ে থাকে,** তবে আপনি নিবন্ধভুক্ত নাও হতে পারেন বা আপনার ভোটার তথ্য হালনাগাদ নাও হতে পারে। নিবন্ধভুক্ত হওয়ার জন্য বা আপনার ঠিকানা হালনাগাদ করার জন্য **elections.ca**–তে যান বা সহায়তার জন্য আমাদেরকে **1-800-463-6868** অথবা **1-800-361-8935 (TTY)**–তে কল করুন। আপনি ভোট দিতে গেলেও আপনার ভোটার সম্পর্কিত তথ্য নিবন্ধন বা হালনাগাদ করতে পারেন।

---

## ফেডারেল নির্বাচনে নিবন্ধন এবং ভোট দেওয়ার জন্য আপনাকে অবশ্যই:

- কানাডীয় নাগরিক হতে হবে
- নির্বাচনের দিনে কমপক্ষে 18 বছর বয়সী হতে হবে
- আপনার পরিচয় এবং ঠিকানা প্রমাণ করতে হবে

# ভোট প্রদানের উপায়সমূহ

**নির্বাচন সময়কালে আপনি প্রায় যে কোন সময় ভোট দিতে পারেন।**
যে বিকল্প আপনার জন্য সবচাইতে সুবিধাজনক সেটা বেছে নিন ।

আপনার **ভোটার তথ্য কার্ড** নিরীক্ষা করে দেখুন আপনি কখন এবং কোথায় ভোট দিতে পারবেন।.

## 1 নির্বাচনের দিনে

আপনার নির্ধারিত ভোট কেন্দ্র 12 ঘন্টা খোলা থাকবে (সময়ের অঞ্চল অনুযায়ী ঘন্টাসমূহের তারতম্য হবে)।

## 2 আগাম নির্বচনের দিনসমূহে

নির্বাচন দিনের আগের সপ্তাহের শুক্রবার, শনিবার, রব্বার এবং সমবার সকাল 9:00 ঘটিকা হতে রাত 9:00  ঘটিকা পর্যন্ত আপনার নির্ধারিত ভোট কেন্দ্র খোলা থাকবে।

## 3 ডাকযোগে

নির্বাচনের দিনের আগের মঙ্গলবারের সন্ধ্যা 6:00 ঘটিকার মধ্যে আবেদন করুন। আপনি বিশেষ ব্যালট প্রক্রিয়া ব্যবহার করে ভোট দেবেন। নিশ্চিত করুন যে **নির্বাচনের দিনের মধ্যেই** আমরা আপনার চিহ্নিত ব্যালটটি পেয়েছি অন্যথায় এটি গণনা করা যাবে না। নির্ধারিত সময়সীমার বিষয়ে আরও তথ্যের জন্য এবং ডাকযোগে ভোট দেওয়া আপনার পক্ষে সঠিক বাছাই কিনা তা দেখার জন্য **elections.ca**–তে যান।

## 4 কানাডাব্যপি যে কোন ইলেকসান্স কানাডা অফিসে

নির্বাচনের দিনের আগের মঙ্গলবার বিকেল 6:00 ঘটিকার পূর্বে কানাডাব্যপি যে কোন ইলেকসান্স কানাডা অফিসে যান। বিশেষ ব্যালট প্রক্রিয়া ব্যবহার করে আপনি ভোট দেবেন। নির্বাচন আহ্বানের পর আপনার নিকস্থ অফিসের সন্ধানে **elections.ca**–তে যান অথবা আমাদের ফোন করুন।

একবার আপনি ডাকযোগে বা কোনও নির্বাচন কানাডার অফিসে গিয়ে ভোট দেওয়ার জন্য আবেদন করে থাকলে, এই নির্বাচনে ভোট দেয়ার জন্য সেটাই হবে আপনার **একমাত্র** উপায়

# ভোট প্রদানের জন্য আপনার সনাক্তকরী পরিচয়সমূহ প্রস্তুত রাখুন

**আপনার সনাক্তকরণ এবং ঠিকানা প্রমাণের জন্য আপনার তিনটি উপায় আছে।**

ভোট দেওয়ার জন্য আপনার অবশ্যই কানাডীয় নাগরিক এবং নির্বাচনের দিন কমপক্ষে 18 বছর বয়সী হতে হবে।

## বিকল্প 1



**নিম্নের সনাক্তকরণের যে কোন একটি প্রদর্শণ করুন:**

- আপনার ড্রাইভার লাইসেন্স,
- আপনার ছবি, নাম এবং বর্তমান ঠিকানাসহ কানাডীয় সরকার (ফেডারেল,প্রাদেশিক/আঞ্চলিক বা স্থানিয়) দ্বারা প্রদত্ত যে কোন অন্য কার্ড

**অথবা**

## বিকল্প 2



+



**দুইটি সনাক্তকরী পরিচয়সমুহ প্রদর্শণ করুন**

উভয়তে আপনার নাম থাকতে হবে এবং অন্ততঃ একটিতে আপনার বর্তমান ঠিকানা থাকতে হবে

**উদাহরণ স্বরুপ:**

- ভোটার তথ্য কার্ড এবং ব্যাংক স্টেটমেন্ট
- ইউটিলিটি বিল এবং ছাত্র/ছাত্রি সনাক্তকরণ (ID) কার্ড

**এগুলো নেই? কোন সমস্যা নেই!**

অন্যান্য গ্রহণযোগ্য সনাক্তকরণ (আই ডি) রয়েছে।


**elections.ca**-তে সম্পূর্ণ তালিকা দেখুন

**অথবা**

## বিকল্প 3



+



**যদি আপনার সনাক্তকরণ পরিচয়পত্র (ID) না থাকে**

আপনি ভোট তবুও দিতে পারবেন যদি আপনি লিখিত ভাবে আপনার পরিচয় এবং ঠিকানা প্রত্যায়ন করেন এবং এমন কেউ আপনার জন্য সাক্ষী হন যিনি আপনাকে চেনেন এবং আপনার ভোট কেন্দ্রে নির্ধারিত আছেন।

যিনি আপনাকে প্রত্যায়ন করছেন, তার নিজের সনাক্তকরণ এবং ঠিকানা প্রমাণ করতে পারতে হবে। একজন ব্যাক্তি শুধুমাত্র এক জনের জন্য প্রত্যায়ন করতে পারবেন (দীর্ঘকালীন সেবাসংস্থা-এ ব্যাতিত)।

# ভোটিং সহায়তা সরঞ্জাম এবং সেবাসমূহ



**নির্বাচনের দিন এবং আগাম ভোটদানের দিনগুলির জন্য সমস্ত ভোটারদের ভোটকেন্দ্র নির্ধারিত করা হয়েছে।** নির্বাচন আহ্বানের পরে নিশ্চিত করুন যে আপনার নির্ধারিত ভোটকেন্দ্রটি আপনার অভিগম্যতার বা প্রবেশযোগ্যতার প্রয়োজনীয়তা পূরণ করে। এটি কতটা অভিগম্যযোগ্য তা জানতে:

- আপনার ভোটার তথ্য কার্ড নিরিক্ষা করুন
- **elections.ca**–তে যান এবং ভোটার ইনফরমেশান সার্ভিস–এর ঘরটিতে আপনার পোস্টাল কোড লিখুন, অথবা
- **1-800-463-6868** অথবা **1-800-361-8935(TTY)**–এ আমাদের কল করুন

নির্ধারিত ভোটকেন্দ্রের অভিগম্যতার বা প্রবেশযোগ্যতার সম্পর্কে যদি আপনার উদ্বেগ থাকে তবে **1-800-463-6868** অথবা **1-800-361-8935 (TTY)**–এ আমাদের কল করুন।

ভাষা এবং ইশারায় ভাষার ব্যাখ্যা সহ অগ্রিমে ভোটদান সহায়তার জন্য নির্বাচনের দিনের আগের মঙ্গলবারের সন্ধ্যা 6:00 টার মধ্যে আপনার এলাকার ইলেকশন্স কানাডা অফিসে কল করুন।

## নির্বাচনী দিনে ভোটদান সহায়তা সরঞ্জামও সেবাসমূহ:




**বড় অক্ষরে** প্রার্থীর নামসহ **বড় ব্যালট কাগজ**



**ভাষা এবং ইশারায় ভাষার ব্যাখ্যা** (এবং **অগ্রীম অনুরোধক্রমে** অন্যান্য সহায়তা)



প্রার্থীদের **বড় অক্ষরে** এবং **ব্রেইল (Braille)–এ তালিকাসমূহ**



**আপনার ব্যালট চিহ্নিত করার জন্য সহায়তা**
(আপনার পরিচিত কাউকে সঙ্গে নিয়ে আসুন বা কোন নির্বাচন কর্মীকে অনুরোধ করুন)



**স্পৃশ্য এবং ব্রেইল (Braille) ভোটদান টেমপ্লেট**



**মোটা পেন্সিল** (সীমিত পরিমাণ) আপনি আপনার নিজের কলম বা পেন্সিলও আনতে পারেন



**বিবর্ধনযন্ত্রসমূহ (4x)**



**স্বাক্ষর গাইড**

**দ্রষ্টব্য:** প্রার্থীদের ব্রেইল তালিকা কেবল নির্বাচনের দিন উপলভ্য। অগ্রিম ভোটের দিন এবং নির্বাচনের দিন বড় মুদ্রণ পাওয়া যাবে।